# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

Office of the Executive Engineer
Bera O&M Division
BWDB, Bera, Pabna.
Tel. : 02588848067
E-mail : ee.berabwdb@gmail.com

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
বেড়া পওর বিভাগ
বাপাউবো, বেড়া, পাবনা।
ফোন নং ঃ ০২৫৮৮৮৪৮০৬৭
E-mail : ee.berabwdb@gmail.com

স্মারক নং-ন-৫/৩৩০০ তারিখ ঃ ১৩-১২-২০২৩ খ্রিঃ।

## বালু/মাটি পুনঃনিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক গৃহীত এবং বাংলাদেশ সেনাবাহিনীর ২৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন বিগ্রেড কর্তৃক বাস্তবায়নাধীন "বাঙালী-করতোয়া-ফুলজোর-হুরাসাগর নদী সিস্টেম ড্রেজিং/পুনঃখনন ও তীর সংরক্ষণ" শীর্ষক প্রকল্পের আওতায় পাবনা জেলার বেড়া উপজেলার চয়রা ইট ভাটা, বেড়া জুট মিলের পাশে-১, বেড়া জুট মিলের পাশে-২, ভিটাপাড়া, বেড়া, পাবনা ড্রেজিংকৃত বালু/মাটি জেলা পানি সম্পদ উন্নয়ন ব্যবস্থাপনা কমিটি'র মাধ্যমে শর্ত সাপেক্ষে নিলাম বিক্রয়ের নিমিত্ত উপযুক্ত দরদাতাগণের নিকট হতে নির্ধারিত ফরমে দরপত্র আবেদন আহবান করা হচ্ছে। আবেদন ফরম জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা, নির্বাহী প্রকৌশলী, বেড়া পওর বিভাগ, বাপাউবো, বেড়া, পাবনা এবং উপজেলা প্রশাসন, বেড়া, পাবনা এর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে দরপত্র ফরম সংগ্রহ করা যাবে এবং উক্ত কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখের মধ্যে দাখিল করা যাবে।

## প্যাকেজ সমূহের তথ্যাদি

| ক্রঃ নং | প্যাকেজের নাম | কাজের নাম | সম্ভাব্য বালু/মাটির পরিমাণ (সিএফটি) |
|---|---|---|---|
| ১ | বালু/মাটি নিলাম/হুরাসাগর -০১/২০২৩ | "বাঙ্গালী-করতোয়া-ফুলজোর-হুরাসাগর নদী সিস্টেম ড্রেজিং/পুনঃখনন ও তীর সংরক্ষন" শীর্ষক প্রকল্পের আওতায় পাবনা জেলার বেড়া উপজেলাধীন চয়রা ইট ভাটা E-৭৬৫২১০, N-২৬৬৭১৯৪ এলাকায় উত্তোলিত বালু/মাটি নিলামকরণ। | ৬৭,৪৭,৫৮৬.৪৩ সিএফটি |
| ২ | বালু/মাটি নিলাম/হুরাসাগর -০৪/২০২৩ | "বাঙ্গালী-করতোয়া-ফুলজোর-হুরাসাগর নদী সিস্টেম ড্রেজিং/পুনঃখনন ও তীর সংরক্ষন" শীর্ষক প্রকল্পের আওতায় পাবনা জেলার বেড়া উপজেলাধীন বেড়া জুট মিলের পাশে-১ E-৭৬৫৬২৭, N-২৬৬৬৯৩৪ এলাকায় উত্তোলিত বালু/মাটি নিলামকরণ। | ১০,৭৫,২৪৮.৩০ সিএফটি |
| ৩ | বালু/মাটি নিলাম/হুরাসাগর -০৫/২০২৩ | "বাঙ্গালী-করতোয়া-ফুলজোর-হুরাসাগর নদী সিস্টেম ড্রেজিং/পুনঃখনন ও তীর সংরক্ষন" শীর্ষক প্রকল্পের আওতায় পাবনা জেলার বেড়া উপজেলাধীন বেড়া জুট মিলের পাশে-২ E-৭৬৫৫৯০, N-২৬৬৭০২৪ এলাকায় উত্তোলিত বালু/মাটি নিলামকরণ। | ১৮,৯১,০৭০.২০ সিএফটি |
| ৪ | বালু/মাটি নিলাম/হুরাসাগর -০৬/২০২৩ | "বাঙ্গালী-করতোয়া-ফুলজোর-হুরাসাগর নদী সিস্টেম ড্রেজিং/পুনঃখনন ও তীর সংরক্ষন" শীর্ষক প্রকল্পের আওতায় পাবনা জেলার বেড়া উপজেলাধীন ভিটাপাড়া E-৭৬৩৫২৯, N-২৬৬৬৯৭০ এলাকায় উত্তোলিত বালু/মাটি নিলামকরণ। | ১৯,২৫,৩১৩.৪০ সিএফটি |

## দরপত্র বিক্রয় ও দাখিলের সময়সূচি

| বিবরণ | দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| | ১৪-১২-২০২৩ খ্রি.হতে ২৩-১২-২০২৩ খ্রি. পর্যন্ত (সকাল ৯:০০ ঘটিকা থেকে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত) | ২৪-১২-২০২৩ খ্রি. ২:৩০ ঘটিকা পর্যন্ত। | ২৪-১২-২০২৩ খ্রি. ৪:০০ ঘটিকা। | |

**শর্তাবলীঃ**

০১। কোড নং-১-৪৬৩১-০০০০-১২৬৩ তে ফি বাবদ চালান মূল্য ১,০০০/- (এক হাজার) টাকা (প্রতিটি প্যাকেজের জন্য আলাদা দরপত্র ক্রয় করতে হবে) জমা প্রদান করে চালান কপি দাখিল করে দরপত্র ফরম সংগ্রহ করা যাবে হবে।

০২। দরপত্রের সাথে যে কোন তফসিলি ব্যাংক হতে জামানত/অগ্রিম বাবদ প্রদত্ত মূল্যের ২৫% অর্থ হিসাবরক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, পাবনা বরাবরে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারে এর মাধ্যমে দাখিল করতে হবে।

০৩। বালু/মাটি দর অনুমোদনের পর ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে বালু/মাটি মূল্য বাবদ অবশিষ্ট ৭৫%, ১৫% ভ্যাট ও ১০% আয়করের অর্থ হিসাবরক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, পাবনা বরাবরে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারে এর মাধ্যমে পরিশোধ করতে হবে। বালু/মাটি মূল্য কোনভাবেই কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত সময় অতিক্রান্ত হলে জামানত বাজেয়াপ্তসহ নিলাম বাতিল করা হবে।

০৪। সংশ্লিষ্ট প্যাকেজের খননকৃত বালু/মাটি মূল্য পরিশোধের পর ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে (নিজ খরচে) চুক্তিনামা সম্পাদন করতে হবে। অত:পর মাটির দখল বুঝিয়ে দেয়া হবে।

০৫। সংশ্লিষ্ট প্যাকেজের খননকৃত বালু/মাটি ব্যতিত অন্য কোন স্থান হতে বালু/মাটি সংগ্রহ করা যাবে না এবং মাঠে বিদ্যমান কৃষি জমি অপরিবর্তীত রেখে বালু/মাটি সংগ্রহ করতে হবে। বালু/মাটি সংগ্রহের ফলে নদীর গতিপথ বন্ধ হয়ে যায় এমনভাবে বালু/মাটি সংগ্রহ করা যাবে না। নদীর দুইপাড়ের স্লোপ/ঢালের কোনরূপ ক্ষতি করা যাবে না।

০৬। বালু/মাটি পরিবহনের কারণে জনগণের চলাচলের রাস্তা ক্ষতিগ্রস্থ হলে নিলাম ডাককারীকে নিজ খরচে মেরামত করতে হবে।

চলমান পাতা -২

০৭। দরপত্র ফরম পূরণে তথ্য মিথ্যা প্রমাণিত হলে বা ঘষা-মাজা করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৮। উল্লিখিত শর্তাবলী ভঙ্গ করলে নিলামচুক্তি বাতিলসহ 'বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন' ২০১০ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। খামের উপর প্যাকেজের নাম ও কাজের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

১০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেখে দাখিলকৃত যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

13.12.2023

(অমিতাভ চৌধুরী)
নির্বাহী প্রকৌশলী
বেড়া পওর বিভাগ
বাপাউবো, বেড়া, পাবনা।
ও
আহবায়ক
ড্রেজিংকৃত নিলামযোগ্য বালু/মাটি দর নির্ধারণ
এবং নিলাম সংক্রান্ত উপ-কমিটি

স্মারক নং: ন-৫/৩৩০০/১(৩৩) তারিখ: ১৩-১২-২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জনাব আলহাজ এ্যাডঃ শামসুল হক টুকু, সংসদ সদস্য, ৬৮, পাবনা-১, বেড়া-সাঁথিয়া ও মাননীয় ডেপুটি স্পীকার, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা ও উপদেষ্টা, জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি, পাবনা।
২। জনাব আহমেদ ফিরোজ কবির, সংসদ সদস্য, ৬৯, পাবনা-২, সুজানগর-বেড়া আংশিক ও উপদেষ্টা, জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি, পাবনা।
৩। প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, সপুরা, রাজশাহী।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাবনা পওর সার্কেল, বাপাউবো, পাবনা ।
৫। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (উক্ত নিলাম বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ২টি জাতীয় ও ২টি স্থানীয় পাবনার দৈনিক পত্রিকায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
৬। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি, পাবনা।
৭। পুলিশ সুপার, পাবনা।
৮। প্রকল্প পরিচালক, ৪ রিভার প্রজেক্ট বগুড়া, সদর দপ্তর ২৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্রিগেড, ঢাকা সেনানিবাস।
৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা।
১০। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা।
১১। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পাবনা।
১২। বিভাগীয় বন কর্মকর্তা, পাবনা।
১৩। জেলা মৎস্য কর্মকর্তা, পাবনা।
১৪। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, পাবনা।
১৫। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, পাবনা।
১৬। নির্বাহী প্রকৌশলী, জেলা পরিষদ, পাবনা।
১৭। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পাবনা।
১৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, পাবনা।
১৯। নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, পাবনা।
২০। জেলা তথ্য অফিসার, পাবনা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
২১। রেভিনিউ ডেপুটি কালেক্টরেট, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা।
২২। উপজেলা নির্বাহী অফিসার, বেড়া, পাবনা।
২৩। মেয়র, বেড়া পৌরসভা, বেড়া, পাবনা।
২৪। উপজেলা চেয়ারম্যান, বেড়া, পাবনা।
২৫ উপ-বিভাগীয় প্রকৌশলী, বেড়া, পওর উপ-বিভাগ, বাপাউবো, বেড়া, পাবনা।
২৬। সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, পাবনা।
২৭। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা (বিজ্ঞপ্তিটি পাবনা জেলা এর ওয়েব পোর্টালে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
২৮। সহকারী প্রোগ্রামার, উপজেলা প্রশাসনের কার্যালয়, বেড়া, পাবনা (বিজ্ঞপ্তিটি বেড়া উপজেলা এর ওয়েব পোর্টালে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
২৯। সহকারী প্রকৌশলী, বেড়া পওর বিভাগ, বাপাউবো, বেড়া, পাবনা (বিজ্ঞপ্তিটি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বেড়া, পবানা এর ওয়েব পোর্টালে প্রচারের জন্য বলা হলো)
৩০-৩১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বেড়া/সাঁথিয়া থানা, পাবনা।
৩২। প্রেস ক্লাব, পাবনা।
৩৩। চেয়ারম্যান,..............................ইউনিয়ন পরিষদ, পাবনা।
৩৪। দপ্তর কপি।

13.12.2023

নির্বাহী প্রকৌশলী
ও
সদস্য সচিব
জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি, পাবনা